AJKER FARIAD 19-01-2016

ইকফাই বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো পর্যবেক্ষণ করলো বার কাউন্সিলের দল

স্টাফ রিপোর্টার, ১৮ জানুয়ারি ঃ কেন্দ্রীয় সরকারি সংস্থা বার কাউন্সিল অব ইন্ডিয়া-র ৪ সদস্যক উচ্চস্তরীয় এক পরিদর্শকদল আজ সোমবার ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাস পরিদর্শন করেছেন। এই দল বিশ্ববিদ্যালয়ের অধীনস্ত ইকফাই আইন কলেজের শিক্ষনের মান, পরিকাঠামো ও আনুসঙ্গিক বিভিন্ন বিষয় খুঁটিয়ে দেখেন। পরিদর্শক দলের নেতৃত্বে রয়েছেন গৌহাটি উচ্চ আদালতের বিশিষ্ট আইনজীবী তথা জাতীয় বার কাউন্সিলের নির্বাহী সদস্য অপুর্ব কুমার শর্মা। অন্য সদস্যরা হলেন ভোজ চন্দর ঠাকুর, অধ্যাপক মুনীন্দ্র কাকতি এবং ডঃ জ্যোতি প্রসাদ বোর। পরিদর্শক দলের প্রধান ও সদস্যরা আজই নয়াদিল্লি ও গুয়াহাটি থেকে আগরতলায় পৌঁছন। বিমানবন্দর কামালঘাট ক্যাম্পাসে পৌঁছে পরিদর্শক দলটি ইকফাই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরিকাঠামো খুঁটিয়ে দেখেন। উল্লেখ্য, ২০০৯ সালে ইকফাই আইন কলেজ বার কাউন্সিল অব ইন্ডিয়া-র অনুমোদন ও স্বীকৃত লাভ করে। প্রাথমিকভাবে ২০০৯-১০ এবং ২০১০-১১ শিক্ষাবর্ষের জন্য অনুমোদন প্রদান করা হয়। পরবর্তী সময়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষ অব্দি অনুমোদন বর্ধন করা হয়। কাউন্সিলের বর্তমান নিয়মে অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানিক স্বীকৃতি পরিদর্শন সাপেক্ষ এক সঙ্গে তিন বছরের জন্য বাড়ানো হয়। ইকফাই আইন কলেজে বর্তমানে তিন বছরের এলএলবি ও পাঁচ বছরের বিবিএ-এল এলবি কোর্স পড়ানো হয়। প্রাপ্ত স্বীকৃতি অনুযায়ী প্রতিটি কোর্সে বছরে সর্বাধিক ৬০ জন ছাত্রছাত্রী ভর্তির করানোর সংস্থান রয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২০১৬-১৭, ২০১৭-১৮ এবং ২০১৮-১৯ শিক্ষাবর্ষের জন্য অনুমোদন চেয়ে বার কাউন্সিল অব ইন্ডিয়ার কাছে আবেদনপত্র পাঠিয়েছিল। এরই পরিপ্রেক্ষিতে আজ পরিদর্শন সম্পন্ন হয়েছে। এদিকে, ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা এবং কলকাতাস্থিত সেন্টার ফর ডেভেলপমেন্ট অব অ্যাডভান্স কম্পিউটিং (সিড্যাক) এর যৌথ ব্যবস্থাপনায় মঙ্গলবার সকাল ৮.৩০ মিনিটে যান্ত্রিক পদ্ধতিতে ককবরক ভাষায় অনুবাদ শীর্ষক এক কর্মশালার আয়োজন করা হয়েছে। এই কর্মশালা উদ্বোধন করবেন ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের সদস্য জহর দেববর্মা। বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসে অনুষ্ঠিতব্য উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত থাকবেন সিড্যাক-এর কার্যনির্বাহী অধিকর্তা অবসরপ্রাপ্ত কর্ণেল অসিত কুমার নাথ এবং সংস্থার আঞ্চলিক প্রধান ডঃ অমিত চৌধুরি। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার।

32 CM.